উপস্থিত ঃ- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া , চট্টগ্রাম

আদেশ নং-১৯

তারিখ- ১৬/০৫/২০২২ ইং

অদ্য একতরফা আদেশের জন্য ধার্য আছে।

বাদীপক্ষ হাজিরা দাখিল করেননি।

নথি আদেশের জন্য নেওয়া হলো।

নথি পর্যালোচনায় দেখা যায়, বাদী আরজি তফসিল বর্নিত নালিশী **ডাঙ্গারচর** মৌজার ৪১৯ নং বি এস খতিয়ান ভুল ও অশুদ্ধভাবে রেকর্ড হয়েছে মর্মে দাবি করিয়া ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় ১-১৯০ নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

১-১৯০ নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি হলেও তারা অত্র মামলায় হাজির হতে ব্যর্থ হয়। যার প্রেক্ষিতে বিগত ০১/০২/২০২২ ইং তারিখের ১৫ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

অত্র মামলা প্রমানের জন্য বাদীপক্ষে নিযুক্তীয় আম-মোক্তার **মোঃ আসাদুজ্জামান P.W.-1** হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিম্নবর্নিত কাগজাদি দাখিল করেন।

১। ডাঙ্গারচর মৌজার আর এস-৪২১ ,৪২২ ,৪২৩/২ , ৪২৩ ,৪২৪ ,৪২৫ ,৪২৬ ,৭২৩ ,৭২৪ , ৭২৫ , ৭২৬ , ৭২৭ , ৭২৮ , ৭২৯ , নং খতিয়ান এর জাবেদা নকল প্রদর্শনী- ১ সিরিজ

২। ডাঙ্গারচর মৌজার বি এস- ২৬০ , ৪১৯ , ২৪৮ , ৫৯২ , ৫৮২ , ৪৪৭ , ৪৭৬ , ২৪৫ , ৫৩৪ , ৪১৭ , ২০২ নং খতিয়ান এর জাবেদা নকল প্রদর্শনী-২ সিরিজ

৩। ২৬/০১/১৯৫৯ ইং তারিখের ৫৯৭ নং দলিলের কপি প্রদ- ৩

৪। ১১/০৭/১৯৬১ ইং তারিখের ৩০৭৭ নং দলিলের কপি প্রদর্শনী- ৪

৫। ০৭/০৪/১৯৬৪ ইং তারিখের ১৫৬১ , ১৫৬২ নং কবলার কপি প্রদ- ৫ ও ৬

৬। ২৭/০৫/১৯৫৭ ইং তারিখের ৪২৪৯ নং কবলার কপি প্রদর্শনী- ৭

৭। মামলা পরিচালনার আম- মোক্তারনামা প্রদর্শনী-৮ হিসাবে চিহ্নিত করা হয়।

**মোঃ আসাদুজ্জামান P.W.-1** এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১ -৮) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় বাদীপক্ষের নালিশী খতিয়ানভুক্ত সম্পত্তিতে স্বত্ব, স্বার্থ ও দখল রহিয়াছে মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়  বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম হয়েছে বলে আমি মনে করি। সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থীত প্রতিকার পেতে হকদার।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-১৯০ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে একতরফাসূত্রে বিনাখরচায় ডিক্রি হলো।

এই মর্মে ঘোষনা করা যাচ্ছে, নালিশী তফসিল বর্ণিত ভুমিতে বাদীর উত্তম ও অপরাজেয় স্বত্ব রহিয়াছে এবং উক্ত ভুমি সংশ্লিষ্ট বি.এস ৪১৯ নং খতিয়ানে বাদীর পূর্ববর্তীর নামের পরিবর্তে বিবাদীগনের পূর্ববর্তীর নাম ভুল ও অশুদ্ধভাবে লিপিবদ্ধ হইয়াছে, যা যথারীতি বে-আইনী ও অকার্যকর এবং উহা বাদীর উপর বাধ্যকর নয়।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

**(মোঃ হাসান জামান)**
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম

**(মোঃ হাসান জামান)**
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম